# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩২০]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪০ : পিতা-মাতার সাথে সদ্ব্যবহার এবং আত্মীয়তা অক্ষুণ্ণ রাখার গুরুত্ব

بَابُ بِرِّ الْوَالِدَيْنِ وَصِلَةِ الأَرْحَامِ ـ (40)

আরবী

عَن أَنَسٍ رضي الله عنه، قَالَ : كَانَ أَبُو طَلْحَةَ رضي الله عنه أكْثَرَ الأنْصَار بالمَدِينَةِ مَالاً مِنْ نَخْل، وَكَانَ أَحَبُّ أمْوالِهِ إِلَيْه بَيْرُحَاء، وَكَانتْ مُسْتَقْبلَةَ المَسْجِدِ وَكَان رَسُول الله صلى الله عليه وسلم يَدْخُلُها وَيَشْرَبُ مِنْ مَاءٍ فِيهَا طَيِّب . قَالَ أَنَسٌ : فَلَمَّا نَزَلَتْ هذِهِ الآيَةُ: ﴿ لن تنالوا البر حتى تنفقوا مما تحبون﴾ [ال عمران: ٩٢] قام أَبُو طَلْحَةَ إِلَى رَسُولِ الله صلى الله عليه وسلم، فَقَالَ : يَا رَسُولَ الله، إنَّ الله تَعَالَى أنْزَلَ عَلَيْكَ : ﴿ لن تنالوا البر حتى تنفقوا مما تحبون﴾ وَإنَّ أَحَبَّ مَالِي إِلَيَّ بَيْرُحَاءُ، وَإنَّهَا صَدَقَةٌ للهِ تَعَالَى، أرْجُو بِرَّهَا، وَذُخْرَهَا عِنْدَ الله تَعَالَى، فَضَعْهَا يَا رَسُول الله حَيْثُ أرَاكَ الله، فَقَالَ رَسُولُ الله صلى الله عليه وسلم: بَخ ! ذلِكَ مَالٌ رَابحٌ، ذلِكَ مَالٌ رَابحٌ، وقَدْ سَمِعْتُ مَا قُلْتَ، وَإنِّي أرَى أنْ تَجْعَلَهَا في الأقْرَبينَ»، فَقَالَ أَبُو طَلْحَةَ : أفْعَلُ يَا رَسُولَ الله، فَقَسَّمَهَا أَبُو طَلْحَةَ في أقَارِبِهِ، وبَنِي عَمِّهِ . مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

৯/৩২৫। আনাস রাদিয়াল্লাহু ’আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, মদ্বীনার আনসারীগণের মধ্যে আবূ তালহা রাদিয়াল্লাহু ’আনহু সবচেয়ে অধিক খেজুর বাগানের মালিক ছিলেন। মসজিদে নববীর নিকটবর্তী বায়রুহা নামক বাগানটি তাঁর কাছে অধিক প্রিয় ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বাগানে প্রবেশ করে সুপেয় পানি পান করতেন। আনাস রাদিয়াল্লাহু ’আনহু বলেন, যখন এ আয়াত অবতীর্ণ হল; যার অর্থ, ’’তোমরা কখনও পুণ্য লাভ করতে পারবে না, যতক্ষণ না তোমাদের প্রিয় জিনিস আল্লাহর পথে ব্যয় করেছ।’’ (আলে ইমরান ৯২আয়াত)

তখন আবূ তালহা রাদিয়াল্লাহু ’আনহু আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গিয়ে বললেন, ’ইয়া রাসূলুল্লাহ! আল্লাহ আপনার উপর (আয়াত) অবতীর্ণ করে বলেছেন, ’’তোমরা কখনও পুণ্য লাভ করতে

পারবে না, যতক্ষণ না তোমাদের প্রিয় জিনিস আল্লাহর পথে ব্যয় করেছ।’’ আর বায়রুহা বাগানটি আমার নিকট সবচেয়ে প্রিয়। এটি আল্লাহর নামে সদকাহ করা হল। আমি এর কল্যাণ কামনা করি এবং তা আল্লাহর নিকট আমার জন্য জমা হয়ে থাকবে। কাজেই আপনি যাকে দান করা ভাল মনে করেন, তাকে দান করে দিন।’

তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’আরে! এ হচ্ছে লাভজনক সম্পদ। এ হচ্ছে লাভজনক সম্পদ। তুমি যা বলেছ, তা শুনেছি। আমি মনে করি, তুমি তোমার আপন-জনদের মধ্যে তা বণ্টন করে দাও।’’ আবূ তালহা রাদিয়াল্লাহু ’আনহু বললেন, ’ইয়া রাসূলাল্লাহ! আমি তাই করব।’ তারপর তিনি তাঁর আত্মীয়-স্বজন, আপন চাচার বংশধরদের মধ্যে তা বণ্টন করে দিলেন। (বুখারী-মুসলিম) [1]

## English

(40) Chapter: Kind Treatment towards Parents and establishment of the ties of Blood Relationship

Anas (May Allah be pleased with him) reported:
Abu Talhah (May Allah be pleased with him) was the richest among the Ansar of Al-Madinah and possessed the largest property; and among his possessions what he loved most was his garden known as Bairuha' which was opposite the mosque, and Messenger of Allah (ﷺ) often visited it and drank from its fresh water. When this ayah was revealed: "By no means shall you attain Al-Birr (piety, righteousness - here it means Allah's reward, i.e., Jannah), unless you spend (in Allah's Cause) of that which you love," (3:92). Abu Talhah came to Messenger of Allah (ﷺ), and said: "Allah says in His Book: 'By no means shall you attain Al-Birr, unless you spend (in Allah's Cause) of that which you love,' and the dearest of my property is Bairuha' so I have given it as Sadaqah (charity) for Allah's sake, and I anticipate its reward with Him; so spend it, O Messenger of Allah, as Allah guides you". Messenger of Allah (ﷺ) said, "Well-done! That is profitable property. I have heard what you have said, but I think you should spend it on your nearest relatives." So Abu Talhah distributed it among his nearest relatives and cousins.

[Al-Bukhari and Muslim].
Commentary: This Hadith has already been mentioned in the chapter which deals with the merits of spending of what one loves best in the way of Allah. It has been repeated here in support of benevolence to the relatives. Its repetition makes it clear that while spending in the way of Allah, one should always first of all consider his relatives and help those of them who deserve assistance. After fulfilling their needs, if anything remains then it can be given to others.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৪৬১, ২৩১৮, ২৭৫২, ২৭৬৯, ৪৫৫৫, ৫৬১১, মুসলিম ৯৯৮, তিরমিযী ২৯৯৭, নাসায়ী ৩৬০২, আবূ দাউদ ১৬৮৯, আহমাদ ১১৭৩৪, ১২০৩০, ১২৩৭০, ১৩২৭৬, ১৩৩৫৬, ১৩৬২২, মুওয়াত্তা মালিক ১৮৭৫, দারেমী ১৬৫৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22756

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন